

যুগান্তর সাময়িকী

৮ এপ্রিল ১৯৮৪

যৌবন



প্রিয়দর্শিনী ঘোষ সেন্ট জেভিয়ার্স কলেজের
ষি এ অনার্সের তৃতীয় বর্ষের ছাত্রী। সর্বস্বতী
আরেক বিভাগে ও কিন্তু এই অল্প বয়সেই অনেক-
দূর এগিয়ে গেছে। বিষয়টি নৃত্যশিল্পে। সম্প্রতি
বিদ্যামন্দিরে ওর ভারতনাটম এবং মোহনীরটম
বিশেষভাবে প্রশংসিত হয়েছে।

বাবা স্বর্গত অলোক ঘোষের অনুপ্রেরণায়
ছেলেবেলা থেকেই ও সি এল টি'র সঙ্গে বৃত্ত। দলের
সঙ্গে বম্বে দিল্লী মাদ্রাজ বাঙ্গালোরের বিভিন্ন মঞ্চে

নেচে বৌড়িয়েছে অনেক। এখন এই সি এল টি-তেই নাচ শেখাচ্ছে। পরি-
চালনাও করছে বিভিন্ন অনুষ্ঠান। প্রিয়দর্শিনী নাচ শিখতে শুরু করে তিন
বছর বয়সে। মা বাঁশা ঘোষের কাছে। সে সময়ে বাড়ির গানবাজনার পরিবেশ
ওই শিল্পমনে রেখাপাত করেছিল। ওদের পরিবারেরই একজন বিখ্যাত ব্যক্তি
বলেন জ্ঞানপ্রকাশ ঘোষ। অতএব আর কিছু না বললেও চলে। এইভাবে
বড় হতে হতে পরে ১৯৭৬ সালে ভারতনাটম এবং মোহনীরটম নৃত্য-
শিল্পের এই দুটো বিষয়কেই ও বেছে নেয়। তখন থেকে নিয়মিত ফেরালো
শিখে চলেছে প্রখ্যাতা ঋকমনি কুট্রির কাছে। প্রিয়দর্শিনী এখন ঔর প্রিয়
শিষ্যা। সন্দর স্লিম চেহারা, বুদ্ধিদীপ্ত চাহনি, হাস্যদর্শি ভাব—সব
মিলিয়ে সত্যিই প্রিয়দর্শিনী।